# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

(জুলাই ২০২৪ সেপ্টেম্বর ২০২৪ মাসের প্রতিবেদন)

পেট্রোবাংলার আওতাধীন কোম্পানি সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালুকরণ বিষয়ক প্রস্তুতকৃত প্রতিবেদন।

০১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ অর্থবছর অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ, সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, সুশাসন সংহতকরণে জনপ্রশাসনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার উল্লেখ্যযোগ্য। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ/বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০২) উপরোক্ত নির্দেশনা অনুযায়ী কোম্পানীর দাপ্তরিক কাজের গতিশীলতা, গুণগত পরিবর্তন ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সর্বদা সচেষ্ট রয়েছে। এরই ধারাবাহিকতায় কোম্পানির নানাবিধ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বর্ণিত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার মাধ্যমে দাপ্তরিক এবং নাগরিক সেবা প্রদান করা হচ্ছে।

০৩) কোম্পানির বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মসম্পাদন সূচক [২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু রাখা বিষয় অনুসারে ইতঃপূর্বে যে সকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজ করা হয়েছে, সে সকল সেবার তালিকা, বর্তমানে কার্যকর আছে কিনা এবং সহজিকরণ/ডিজিটাইজেশন/উদ্ভাবনের ফলে নাগরিকবৃন্দ/সেবা গ্রহীতাগণ প্রতাশিত সুফল পাচ্ছে কিনা-এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী এসংক্রান্ত ডাটাবেজ প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-১)। উক্ত ডাটাবেজে বর্ণিত ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম নিম্মরূপ:

**২০২৩-২০২৪ অর্থবছর:**

(ক) কোম্পানির সকল কর্মকর্তা কর্মচারীদের ফিনান্সিয়াল একাউন্টিং ইআরপির সাথে সমন্বিত ওয়েববেজড পেরোল সফটওয়্যার এর মাধ্যমে বেতন বোনাস প্রদান।

**২০২২-২০২৩ অর্থবছর:**

(ক) কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের সফটওয়্যার ভিত্তিক ডিজিটাল সেবার মাধ্যমে পরিচয় পত্র (আইডি কার্ড) প্রদান।

**২০২১-২০২২ অর্থবছর:**

(ক) আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণের ভাউচিং টু ফিনান্সিয়াল স্ট্যাটমেন্ট সফটওয়্যার নিমার্ণ।

(খ) কৈলাশটিলা এসএসটিই প্লান্টে সোলার প্যানেল লাইটিং সিস্টেম স্থাপন।

**২০২০-২০২১ অর্থবছর:**

(ক) ই-সেবার মাধ্যমে শিক্ষাবৃত্তি বিতরণ।

(খ) দাপ্তরিক কাজে ব্যয়কৃত অর্থ এ্যাডজাস্ট করার প্রক্রিয়া ই-নথির মাধ্যমে সহজীকরণ করা।

**০৪) ইতঃপূর্বে বাস্তবায়িত সেবা/আইডিয়াসমূহ বর্তমানে কার্যকর আছে এবং সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে মর্মে প্রতীয়মান হচ্ছে।**

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **অর্থবছরঃ ২০২৩-২০২৪** | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | ফিনান্সিয়াল একাউন্টিং ইআরপির সাথে সমন্বিত ওয়েববেজড পেরোল সফটওয়্যার বাস্তবায়ন। | ফিনান্সিয়াল একাউন্টিং ইআরপির সাথে সমন্বিত ওয়েববেজড পেরোল সফটওয়্যার এর মাধ্যমে কোম্পানির সকল কর্মকর্তা কর্মচারীদের বেতন বোনাস প্রদান করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | https://sgflerp.com | |
| **অর্থবছরঃ ২০২২-২০২৩** | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১) | কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের সফটওয়্যার ভিত্তিক ডিজিটাল সেবার মাধ্যমে পরিচয় পত্র (আইডি কার্ড) প্রদান। | কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের সফটওয়্যার ভিত্তিক ডিজিটাল সেবার মাধ্যমে পরিচয় পত্র (আইডি কার্ড) প্রদান করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | https://sylhet-gas-field-idcard.2aitautomation.com | |
| **অর্থবছরঃ ২০২১-২০২২** | | | | | | |
| ০১) | আর্থিক লেনদেন লিপিবদ্ধকরণের ভাউচিং টু ফিনান্সিয়াল স্ট্যাটমেন্ট সফটওয়্যার নিমার্ণ। | ওয়েব বেজড সিকিউরড অনলাইন সফটওয়্যারের মাধ্যমে ভাউচার প্রস্তুত করা হয়। ভাউচার প্রস্তুতের জন্য তথ্যাদি ইনপুট করা হলে ঐ তথ্যাদির মাধ্যমে চেক হাতে না লিখে প্রিন্ট করে ঠিকাদারকে প্রদান করা হয়। ক্যাশ বুক, ব্যাংক বুক, ভ্যাট/আয়কর রেজিস্টার, অগ্রিম রেজিস্টার, লেজার ইত্যাদি অটো জেনারেট হয়। ফলে ক্যাশ/ব্যাংক ব্যালান্স, | হ্যাঁ | হ্যাঁ | https://sgflerp.com | |

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ভ্যাট/আয়কর পরিশোধ স্ট্যাটাস, কোন নিদির্ষ্ট ব্যাক্তি আ প্রতিষ্ঠানের নামে অগ্রিমের বিবরণী বা ব্যালান্স তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হচ্ছে। | | | | |
| ০২) | কৈলাশটিলা এসএসটিই প্লান্টে সোলার প্যানেল লাইটিং সিস্টেম স্থাপন। | কৈলাশটিলা এমএসটিই প্লান্টের জেনারেটর রুম ও কন্ট্রোল রুমে নিয়মিত বিদ্যুৎ সরবরাহের ঘাটতি বা সাটডাউনের ক্ষেত্রে ইমারজেন্সি লাইটিং হিসাবে সোলার প্যানেল লাইটিং সিস্টেম স্থাপন করা হয় যা বর্তমানে চালু আছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| **অর্থবছরঃ ২০২০-২০২১** | | | | | | |
| ০১) | ই-সেবার মাধ্যমে শিক্ষাবৃত্তি বিতরণ। | কোম্পানির কার্যক্রম সংশ্লিষ্ট অঞ্চলের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | https://sgflorg.online/ | |
| ০২) | দাপ্তরিক কাজে ব্যয়কৃত অর্থ এ্যাডজাস্ট করার প্রক্রিয়া ই-নথির মাধ্যমে সহজীকরণ করা। | সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর অফিসে কাজে কর্মকর্তা-কর্মচারীদের প্রদানকৃত অগ্রীম অর্থ ই-নথির মাধ্যমে এ্যাডজাস্ট করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | |

02/10/2024
Md. Tarikul Islam
Assistant Manager
Human Resources Department
Sylhet Gas Fields Limited

02/10/2024
প্রকৌ. মোঃ ফারুক হোসেন
মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব)
সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড